# যুব সমাজের অবক্ষয়, কারণ ও প্রতিকার

বিভাগ/অধ্যায়ঃ যুব সমাজের অবক্ষয় ও তার কারণ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফেসবুক সমস্যা:

সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুক যুব সমাজের জন্য একটি মারাত্মক সমস্যা। বর্তমানে যুব সমাজ ফেসবুক ইন্টারনেটের প্রতি প্রতিটি মুহূর্তে হুমড়ি খেয়ে ঝুঁকে পড়ছে। লেখাপড়া ফাঁকি দিয়ে ফেসবুকে চ্যাট করে কেউ কেউ রাত পার করে দিচ্ছে। পড়া-লেখা নষ্ট হচ্ছে, সময় নষ্ট হচ্ছে, তার প্রতি কোনো ভ্রুক্ষেপ তারা করছে না। বর্তমানে যুবক যুবতীরা ফেসবুক ইন্টারনেটের প্রতি খুব আসক্ত হয়ে পড়ায় তাদের জীবন এখন হুমকির মখে পড়ছে। সামাজিক যোগাযোগের মাধ্যম এ ফেসবুককে তারা তাদের বিভিন্ন ধরনের অপকর্মের যোগাযোগের মাধ্যম হিসেবে কাজে লাগাচ্ছে। ঘণ্টার পর ঘণ্টা তাদের জীবনের মহা মূল্যবান সময়কে প্রতিদিনই এখানে ব্যয় করছে। ফলে তারা পড়ালেখা হতে দূরে সরে যাচ্ছে এবং দেখা অদেখা যুবক যুবতীর সাথে অবৈধ সম্পর্ক গড়ে তুলে নানাবিধ সমাজ বিরোধী কার্যকলাপে জড়িয়ে পড়ছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10445

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন